# সভার কার্যবিবরনী

**স্থানঃ কামারখালী U.P.C ভবন।** **তারিখ ঃ ২৬/০৭/২০২২ ইং,** **সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা।**

**সভাপতি ঃ জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী, ইউপি চেয়ারম্যান।**

**উপস্থিত সদস্যবৃন্দের নাম**

০১. জনাব মমতাজ বেগম
০২. জনাব জোহরা বেগম
০৩. জনাব আসমা বেগম
০৪. জনাব মোঃ জসীম শেখ
০৫. জনাব মোঃ আলমগীর হোসেন
০৬. জনাব মোঃ ছরোয়ার ফকির
০৭. জনাব মোঃ আছাদুজ্জামান মুন্সী
০৮. জনাব মোঃ মতিয়ার রহমান
০৯. জনাব মোঃ আশরাফ মোল্যা
১০. জনাব মোঃ আবুল কালাম আজাদ
১১. জনাব মোঃ সাজেদুল ইসলাম দুলু
১২. জনাব মোঃ নুরুল ইসলাম মোল্যা

অদ্য জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী, ইউপি চেয়ারম্যান সাহেবের সভাপতিত্বে জুলাই/২০২২ মাসের সভার কার্য শুরু করা হইল।

**আলোচ্য সূচি-১:**

অদ্যকার সভার সভাপতি জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরীর সভাপতিত্বে বিগত সভার কার্যবিবরণী পাঠ অনুমোদন করা হইল।

**আলোচ্য সূচি-২:**

সভায় সভাপতি উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান যে, চলতি ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক উন্নয়ন তহবিল (ADP) প্রকল্পসমূহ দাখিলের জন্য উপজেলা নির্বাহী অফিসারের নির্দেশ পাওয়া গিয়াছে। তখন এ বিষয়ে আলোচনা হয় এবং আলোচনান্তে নিম্নেলিখিত প্রকল্পসমূহ অগ্রাধিকারের ভিত্তিতে বাস্তবায়নের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**(ক) যোগাযোগঃ**
১। ৫ নং ওয়ার্ডের কোমরপুর মধ্যপাড়া মসজিদ হইতে পূর্বপাড়া মসজিদ পর্যন্ত এইচবিবি (HBB) রাস্তা সংস্কার।
২। ২ নং ওয়ার্ডের চরগয়েশপুর শহীদ শেখের বাড়ী হইতে সরকারি প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত রাস্তার ফ্ল্যাট সোলিং নির্মাণ।
৩। ৬ নং ওয়ার্ডের গন্ধখালী আইয়ুব মোল্লার বাড়ী হইতে ইউনুস মৃধার বাড়ি পর্যন্ত ফ্ল্যাট সোলিং রাস্তা এইচবিবি (HBB) করণ।
৪। ৮ নং ওয়ার্ডের কামারখালী বীরশ্রেষ্ঠ কলেজের দক্ষিণে এইচবিবি (HBB) রাস্তা সংস্কার ও কালভার্ট স্থাপন।
৫। মছলন্দপুর দক্ষিণ পাড়া চাঁন মিয়ার বাড়ী থেকে গোরস্থান পর্যন্ত রাস্তা ফ্ল্যাট সোলিং।
৬। গন্ধখালী বাবুল মিয়ার বাড়ী থেকে ক্লাব পর্যন্ত ফ্লাট সোলিং।
৭। চরপুখরিয়া প্রাথমিক বিদ্যালয় থেকে ঈদগাহ পর্যন্ত রাস্তা H.B.B করণ।

**(খ) কৃষিঃ**
১। ৩ নং ওয়ার্ডের গয়েশপুর মাধ্যমিক বিদ্যালয় দক্ষিণে কালভার্ট নির্মাণ।

**(গ) শিক্ষাঃ**
১। ৪ নং ওয়ার্ডের দয়ারামপুর উচ্চ বিদ্যালয় সংস্কার।
২। ৬ নং ওয়ার্ডের বীরশ্রেষ্ঠ উচ্চ বিদ্যালয়ের গেট সংস্কার।
৩। ৮ নং ওয়ার্ডের কামারখালী উচ্চ বিদ্যালয়ে গেট সংস্কার।

**(ঘ) ভৌত ও স্যানিটেশনঃ**
১। ৪ নং ওয়ার্ডের দয়রামপুর খেয়াঘাটে টিউবয়েল ও ল্যাট্রিন স্থাপন।
২। ৫ নং ওয়ার্ডের সালামতপুর খেয়াঘাটে যাত্রী ছাউনি, টিউবয়েল ও ল্যাট্রিন স্থাপন।
৩। ৭ নং ওয়ার্ডের কামারখালী বাজারের তিনটি টিউবয়েল ও জবাইখানা সংস্কার।
৪। ৮ নং ওয়ার্ডের কামারখালী প্রাথমিক বিদ্যালয় হইতে কলেজ মসজিদ পর্যন্ত পানি নিষ্কাশনের জন্য ড্রেন নির্মাণ।
৫। ৮ নং ওয়ার্ডের মছলন্দপুর পশ্চিম পাড়া রহমত শেখের বাড়ির নিকটে ড্রেন নির্মাণ।

**আলোচ্য সূচি-৩:**

**বন্যা পরিস্থিতি:** সভায় সভাপতি সাহেব আরও জানান যে, বন্যার পানি এ বছর এখনো বিপদ সীমার কাছে আসেনি। যে কোন সময় হঠাৎ করিয়া বন্যার পানি বৃদ্ধি পাইতে পারে। এ বিষয়ে ১, ২, ৩ এবং ৪ নং ওয়ার্ডের সদস্যদের অনুরোধ করা হয়। তাঁরা যেন সবসময়ে এ ব্যাপারে খোজ-খবর রাখেন এবং কৃষকের যেন ফসলের কোন ক্ষতি না হয় সে ব্যাপারে সতর্ক থাকেন।

**আলোচ্য সূচি-৪:**

সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকান্ড সম্পর্কে বিভিন্ন দপ্তরের প্রতিনিধির কাছে তাদের কর্মকান্ড সম্পর্কে বক্তব্য রাখার জন্য অনুরোধ করা হইলো। স্বাস্থ্য বিভাগীয় কর্মকর্তা জানান যে, টিকা কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের জন্য সঠিকভাবে বাস্তবায়ন হইয়াছে। এজন্য ইউনিয়ন পরিষদকে মাইকিংসহ সহযোগিতা করার জন্য ইউনিয়ন পরিষদকে ধন্যবাদ দেন এবং তাহাদের স্বাস্থ্য কেন্দ্রের কোনো আয়া নেই এবং টিউবওয়েলটি সংস্কারের জন্য ইউনিয়ন পরিষদকে অনুরোধ করেন এবং তাদের বক্তব্য এখানেই শেষ করেন।

**আলোচ্য সূচি-৫:**

সভায় সভাপতি সাহেব আরও জানান যে, ইউনিয়ন পরিষদে ট্রেড লাইসেন্স ফি পূর্বে যে পরিমাণ নির্ধারণ করা হইয়াছিল, তা চলতি বছরে এটা খুবই নগন্য। এ ব্যাপারে সকলের মতামতের ভিত্তিতে ইউনিয়ন পরিষদের ট্রেড লাইসেন্স ফি পুন: নির্ধারণ করা হইল।

**(ক) যেমন:-** রড, সিমেন্ট, ঢেউটিন, স্বর্ণ, জুয়েলারি, পাট, ভূষিমাল, হার্ডওয়ার, বড় মুদি দোকান, কাপড়ের পাইকারি বিক্রেতা, মিষ্টির দোকান, ঔষুধের দোকান, ঠিকাদারি সরবরাহকারী, মিল ফ্যাক্টরি, সারের ডিলার, কাঁচামাল ও বিভিন্ন আড়ৎদারী, এজেন্ট ব্যাংক এগুলোর জন্য ভ্যাটসহ নির্ধারিত ফি ৫৭৫/= কথায় : (পাঁচশত পঁচাত্তর) টাকা মাত্র।

**(খ) যেমন:-** কসমেটিক্স, কাঠের ব্যবসা, জুতা স্যান্ডেল, কম্পিউটার ব্যবসা, পিয়াজের ব্যবসা, বিভিন্ন মাংসের দোকান এগুলোর জন্য ভ্যাটসহ নির্ধারিত ফি ৩৪৫/= কথায় : (তিনশত পয়তাল্লিশ) টাকা মাত্র।

**(গ) যেমন:-** সেলুন, চায়ের দোকান, কনফেকশনারী, ও অন্যান্য ছোট দোকানের জন্য ভ্যাটসহ নির্ধারিত ফি ২৩০/= কথায় : (দুইশত ত্রিশ) টাকা মাত্র নির্ধারণ করা হইয়াছে।

উল্লেখিত ব্যবসায়ের ধরণ এর উপর ট্রেড লাইসেন্স ফি পুনঃ নির্ধারণ করা হইল।

**আলোচ্য সূচি-৬:**

(ক) সভায় সভাপতি মহোদয় এলজিএসপি-৩ প্রকল্পের প্রস্তাবনা সম্পর্কে আলোকপাত করেন। বিগত ২০২১-২২ অর্থবছরে জিওবি বরাদ্দ হইতে ৮৫,৪৪০/=কথায়: (পঁচাশি হাজার চারশত চল্লিশ) টাকা পাওয়া গিয়াছে। উক্ত টাকা দ্বারা নীতিমালা অনুযায়ী প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করিতে হইবে। তখন এ সভায় বিস্তারিত আলোচনা হয় এবং ৩ নং ওয়ার্ড সভায় প্রস্তাবিত প্রকল্প গ্রহণ করা হয়।

**প্রকল্পের নামঃ গয়েশপুর মাদ্রাসা হইতে হালিম বিশ্বাসের বাড়ী পর্যন্ত রাস্তার ভাঙ্গা অংশ মেরামত।**

(খ) সভায় সভাপতি সাহেব আরও জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরে আইডিএ বরাদ্দ হইতে ৩,৯৭,২৬৪/- কথায়: ( তিন লক্ষ সাতানব্বই হাজার দুইশত চৌষট্টি) টাকা পাওয়া যাইবে। উক্ত টাকা দ্বারা নীতিমালা অনুযায়ী প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করিতে হইবে। তখন এ সভায় বিস্তারিত আলোচনা হয় এবং ওয়ার্ড সভায় প্রস্তাবিত স্কীম হইতে অগ্রাধিকারের ভিত্তিতে নিম্নলিখিত স্কীমগুলো গ্রহণ করা হইল। **A.**

১. চরপুখুরিয়া মনিরুল বিশ্বাসের বাড়ী হইতে মসজিদ পর্যন্ত রাস্তার ফ্ল্যাট সোলিং (টাকা: ৭৫,০০০/=)।
২. সালামতপুর পূর্বপাড়া সাইফুলের দোকান থেকে লিটন মোল্যার বাড়ী পর্যন্ত রাস্তার ফ্ল্যাট সোলিং (টাকা: ৭৫,০০০/= )
৩. মছলন্দপুর হিন্দুপাড়ার আকমল মৃধার বাড়ীর নিকটে ও আশ্রম মন্দির সংযোগ রাস্তায় ফ্ল্যাট সোলিং (টাকা: ৭৫,০০০/=)

B. কামারখালী উচ্চ বিদ্যালয়ের পশ্চিম পাশের ড্রেন ও কালভার্ট স্থাপন (টাকা: ১,৭২,২৬৪/=)

**বিবিধ:** চেয়ারম্যান সাহেব সভাকে জানান যে, আগামী ১৫ আগষ্ট, ২০২২ জাতির জনক হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস। উক্ত দিবস পালনের জন্য বিভিন্ন কর্মসূচি গ্রহণ করার প্রয়োজন। তখন সভায় বিস্তারিতভাবে আলোচনার পর নিম্নলিখিত কর্মসূচি গ্রহণ করা হয়।

ক) ড্রপ ডাউন ব্যানার তৈরি।
খ) জাতীয় পতাকা উত্তোলন সকাল ৮.০০ ঘটিকায় এবং অর্ধনমিত রাখা।
গ) কালো পতাকা উত্তোলন।
ঘ) বঙ্গবন্ধু প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ।
ঙ) সকল শহিদের প্রতি শ্রদ্ধা নিবেদন।
চ) মিলাদ মাহফিল ও দোয়া করা এবং তোবরাক বিতরণ।

চলতি মাসের আয় ও খরচের বিবরণী সভায় উপস্থাপন করা হইল। ভাউচার পরীক্ষান্তে সঠিক পাওয়া গেল এবং সর্বসম্মতিক্রমে অনুমোদন হইল।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকল সদস্য কে ধন্যবাদ জানিয়ে সভার কার্য শেষ করেন।

**সভাপতি**

তারিখ: ২৬/০৭/২০২২ খ্রিঃ

**(মোঃ রাকিব হোসেন চৌধুরী)**
চেয়ারম্যান
১ নং কামারখালী ইউনিয়ন পরিষদ
মধুখালী, ফরিদপুর।
মোবাইল: ০১৭১২-৮৭৭১২৩।